# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৭৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفصلُ الثَّنِفْ

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَتَّخِذُوا الضَّيْعَةَ فَتَرْغَبُوا فِي الدُّنْيَا» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالْبَيْهَقِيُّ فِي «شعب الْإِيمَان»

حسن ، رواه الترمذی (2328 وقال : حسن) و البیھقی فی شعب الایمان (10391) ـ (إِسْنَاده جيد)

বাংলা

৫১৭৮-[২৪] (আবদুল্লাহ) ইবনু মাস্‘ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন : তোমরা বাগ-বাগিচা ও ক্ষেত-খামার (আগ্রহের সাথে) গ্রহণ করো না। ফলে তোমরা দুনিয়ার প্রতি আকৃষ্ট হয়ে পড়বে। (তিরমিযী ও বায়হাক্বী’র শুআবুল ঈমান)

ফুটনোট

সহীহ: তিরমিযী ২৩২৮, শুআবুল ঈমান ১০৩৯১, সিলসিলাতুস সহীহাহ্ ১২, সহীহুল জামি ৭২১৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৪৩৭৯, মুওয়াত্ত্বা মালিক ১২২, মুসনাদে আহমাদ ৩৫৭৯, আবু ইয়া'লা ৫২০০, সহীহ ইবনু হিব্বান ৭১০, আল মুসতাদরাক লিল হাকিম ৭৯১০।

ব্যাখ্যা

ব্যাখ্যা : এখানে (الضَّيْعَةَ) শব্দের ব্যাখ্যায় বলা হয়েছে, এর অর্থ হলো চাষাবাদ, ফসলি জমি, বাগান, গ্রামীণ জনপদ ইত্যাদি।

নিহায়াহ্ গ্রন্থে বলা হয়েছে, কোন ব্যক্তির (ضَيَّعَةَ) দ্বারা উদ্দেশ্য হলো সম্পদ যা তার জীবিকার কাজ সম্পন্ন করে। যেমন- বিভিন্ন শিল্পকর্ম, ব্যবসায়-বাণিজ্য, চাষাবাদ বা অন্য কিছু।

আল ক্বামূস গ্রন্থে বলা হয়েছে, (الضَّيْعَةَ) -এর অর্থ ফসলী জমি।

(فَتَرْغَبُوا فِي الدُّنْيَا) এখানে উদ্দেশ্য হলো, এমন সব কাজকর্মে সব সময় ব্যস্ত না থাকা যেগুলো সঠিক সময় ‘‘ইবাদাত-বন্দেগী করতে বা একেবারেই বাধা হয়ে দাঁড়ায়। তাই এমন কাজ বেছে নেয়া উচিত যাতে সময়মত ‘‘ইবাদতসহ যাবতীয় কাজ সম্পন্ন করা যায়। (মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৩২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85159

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন